# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৩৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ (বিবাদমান) মানুষদের মধ্যে মীমাংসা (ও সন্ধি) করার গুরুত্ব

## আরবী

وَعَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنها قَالَتْ : سَمِعَ رسولُ الله ﷺ صَوْتَ خُصُومٍ بِالبَابِ عَالِيةً أصْوَاتُهمَا وَإِذَا أحدُهُمَا يَسْتَوْضِعُ الآخرَ وَيَسْتَرْفِقُهُ في شَيءٍ وَهُوَ يَقُولُ : وَاللهِ لاَ أفْعَلُ فَخَرجَ عَلَيْهِمَا رَسُوْلُ اللهِ ﷺ فَقَالَ أيْنَ المُتَأَلِّي عَلَى اللهِ لاَ يَفْعَلُ المَعْرُوفَ ؟ فقَالَ : أَنَا يَا رسولَ اللهِ فَلَهُ أيُّ ذلِكَ أَحَبَّ مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৪৩৫) আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দরজার নিকট দু’জন বিবাদকারীর উচ্চ আওয়ায শুনতে পেলেন। তাদের মধ্যে একজন অপরজনকে কিছু ঋণ কমাবার এবং নম্রতা প্রদর্শন করার জন্য অনুরোধ করছিল। আর ঋণদাতা বলছিল, ’আল্লাহর কসম! আমি (এটা) করব না।’ অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে দু’জনের কাছে বেরিয়ে এসে বললেন, ’’সে ব্যক্তি কোথায়, যে আল্লাহর উপর কসম খাচ্ছিল যে, সে ভাল কাজ (ঋণ কম এবং নম্রতা) করবে না?’’ সে বলল, ’আমি, হে আল্লাহর রসূল! (এখন) সে (ঋণ কম করা অথবা সময় নেওয়া) যা পছন্দ করবে, আমি তাতেই রাজি।’

## ফুটনোট

(বুখারী ২৭০৫, মুসলিম ৪০৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67183

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন